

বুয়েটে জঙ্গিগোষ্ঠী তৎপর কি না তদন্ত করা হবে, চলমান আন্দোলন প্রসঙ্গে শিক্ষামন্ত্রী

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ৩০ মার্চ ২০২৪, ১৯:৫৬



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) জঙ্গিগোষ্ঠী কার্যক্রম পরিচালনা করলে তা তদন্ত করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

শনিবার (৩০ মার্চ) দুপুরে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, কিছুদিন আগেও অনেকে অভিযোগ করেন, কিছু জঙ্গিবাদী গোষ্ঠী গোপনে সেখানে কার্যক্রম পরিচালনা করছে। পেছন থেকে কেউ জঙ্গিবাদী বা উগ্রবাদী মানসিকতার কিছু ইঙ্গিত দিচ্ছে কি না, সেটা অবশ্যই খতিয়ে দেখতে হবে। কারণ এই আলোচনাটা বারবার আসছে। সে বিষয়ে আমরা আরও গভীরভাবে তদন্ত করবো। জঙ্গিবাদ নিয়ে কাউন্টার টেররিজম ইউনিটও কাজ করবে।

তিনি বলেন, এটি শুধু বুয়েটেই নয়, দেশের অন্যান্য সব শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য। ব্যক্তি পর্যায়ে কেউ যদি মৌলবাদী ও জঙ্গিবাদী গোষ্ঠীকে প্রশয় দেওয়ার মতো মানসিকতা রাখে তবে সেটিকে প্রতিহত করতে হবে।

বুয়েটে জঙ্গিগোষ্ঠী তৎপর কি না তদন্ত করা হবে, চলমান আন্দোলন প্রসঙ্গে শিক্ষামন্ত্রী এ সময় বুয়েটে চলমান আন্দোলনে যাতে শিক্ষার পরিবেশ নষ্ট না হয়, শিক্ষার্থীসহ উভয় পক্ষকে সেদিকে খেয়াল রাখার আহ্বান জানান মন্ত্রী।

এর আগে দুপুর ১২টায় মন্ত্রী ‘বঙ্গবন্ধুর সোনার বাংলা- শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ’ বিনির্মাণের চ্যালেঞ্জ ও সমাধানের পথ’ শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে অংশ নেন শিক্ষামন্ত্রী।